



২৪ নভেম্বর, ২০১৬

প্রেস বিজ্ঞপ্তি

বিশেষ ক্ষেত্রে ১৮ বছরের নিচে অপ্রাপ্তবয়স্ক মেয়ের সর্বোত্তম স্বার্থে আদালতের নির্দেশে এবং মা-বাবার সম্মতিতে বিয়ে দেওয়ার বিধান রেখে বাল্যবিবাহ নিরোধ আইন-২০১৬- এর খসড়া মন্ত্রিসভায় অনুমোদন দেওয়ায় বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট গভীর উদ্বেগ প্রকাশ করছে

গত ২৪ নভেম্বর ২০১৬ তারিখ মন্ত্রিসভায় পাস হওয়া বাল্যবিবাহ নিরোধ আইন-২০১৬- এর খসড়ায় মেয়েদের বিয়ের ন্যূনতম বয়স ১৮ বছরই রেখে ও বিশেষ ক্ষেত্রে ১৮ বছরের নিচে অপ্রাপ্তবয়স্ক মেয়ের সর্বোত্তম স্বার্থে আদালতের নির্দেশে এবং মা-বাবার সম্মতিতে বিয়ে দেওয়ার বিধান রেখে বাল্যবিবাহ নিরোধ আইন-২০১৬- এর খসড়া মন্ত্রিসভায় অনুমোদন দেওয়ায় বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট গভীর উদ্বেগ প্রকাশ করছে।

দৈনিক পত্রিকা, প্রচার মাধ্যম ও সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশিত সংবাদ সূত্রে জানা যায়, ২৪ নভেম্বর, ২০১৬ তারিখে ‘বাল্যবিবাহ নিরোধ আইন, ২০১৬’-এর খসড়া মন্ত্রিসভা অনুমোদন করেছে। খসড়ায় ছেলেদের বিয়ের সর্বনিম্ন বয়স ২১ আর মেয়েদের ১৮ বছর রাখা হয়েছে। নতুন আইনে বিয়ের এই বয়স ঠিক থাকলেও তবে বিশেষ ক্ষেত্রে যেকোনো অপ্রাপ্তবয়স্ক মেয়ের সর্বোত্তম স্বার্থে আদালতের নির্দেশে এবং মা-বাবার সম্মতিতে বিয়ে হতে পারবে। ‘বিশেষ প্রেক্ষাপটে’ ১৮’র নিচে মেয়েদের বিয়ে দেওয়া যাবে মর্মে যে খসড়া আইন মন্ত্রিসভায় পাস হয়েছে তা শিশু আইন ও আন্তর্জাতিক সনদের সঙ্গে সাংঘর্ষিক। আমরা আশংকা করছি অনেক ক্ষেত্রেই এর মাধ্যমে নারীর স্বাস্থ্য, অধিকার ও সম্মতি কে উপেক্ষা করা হবে এবং নারী পূর্ণ বিকাশে তা বাধা প্রদান করবে।

ব্লাস্ট অবিলম্বে এই আইনের উল্লেখিত বিধানের পরিবর্তন রেখে বিবাহে মেয়েদের বয়স সর্বনিম্ন ১৮ করার জোর দাবী জানাচ্ছে।

বার্তা প্রেরক:

মাহবুবা আক্তার

উপ-পরিচালক (এডভোকেসি এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

মোবাইল নং: ০১৭৭৬০৬০১১৩

ইমেইল: mahbuba@blast.org.bd